দৈনিক ইত্তেফাক

191

তারিখ ... ... DEC 22 1999 ...
পৃষ্ঠা 8 ... কলাম 6 ......

# শিক্ষা মন্ত্রণালয় সমীপে

বর্তমানে বিধি মোতাবেক পি,টি,আই, অর্থাৎ সি,ইন,এড, প্রশিক্ষণের সুযোগ কেবল প্রাথমিক (সরকারী, রেজিঃ) বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের জন্য রাখা হইয়াছে। কিন্তু আমরা যাহারা কিণ্ডারগার্টেন ভিত্তিক শিক্ষা ব্যবস্থার সহিত জড়িত, তাহারা এই সুযোগ হইতে বঞ্চিত। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে আমরা কোন অংশেই কম নই। তাহার উপর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাদান পদ্ধতি গতানুগতিক, কিন্তু আমাদের শিক্ষাপদ্ধতি বিজ্ঞানসম্মত। যেহেতু আমরাও শিশু-কিশোর শিক্ষালয় পরিচালনা করিতেছি, সেহেতু আমাদেরও সি,ইন,এড, প্রশিক্ষণ গ্রহণ করার অনুমতি বা সুযোগ প্রদান করা বাঞ্ছনীয় বলিয়া মনে করি। বিষয়টির প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জুয়েল রেহমান,
উপাধ্যক্ষ, সবুজ কঁড়ি শিক্ষালয়,
ডাকঃ সোহাগদল,
উপজেলাঃ নেছারাবাদ,
জেলাঃ পিরোজপুর।